

বাংলাদেশ কৃষি ব্যাংক  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।

গুধুমাত্র অভ্যন্তরীণ ব্যবহারের জন্য

খান আদায়(আই সি টি) পরিপত্র নং-০৭/২০১৩

তারিখঃ ০৪-১১-২০১৩ ইং

বিষয়: অনলাইন কার্যক্রমভুক্ত শাখাসমূহে অনলাইন ব্যাংকিং লেনদেনের চার্জ চালুকরণ প্রসঙ্গে।

অত্র ব্যাংকের অনলাইন কার্যক্রম সম্পূর্ণরূপে চালু হলে অনলাইনে অন্তর্ভুক্ত শাখা সমূহের ডিডি/টিটি/এমটি'র মাধ্যমে রেমিটেন্স প্রবাহ হ্রাসপ্রাপ্ত হয়ে এ খাতে কমিশন আয় কমে যাওয়ার প্রেক্ষাপটে উক্ত ক্ষতি পূরণে নেয়ার লক্ষ্যে বিকেবি'র Real time Online ব্যাংকিং কার্যক্রমের আওতাভুক্ত শাখাসমূহে অনলাইন ব্যাংকিং লেনদেন পরিচালনার ক্ষেত্রে কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে নিম্নোক্ত হারে চার্জ নির্ধারণ করা হয়েছে :

ক) বাংলাদেশ কৃষি ব্যাংক (ঢাকা শহরের বাহিরে\*):

ক্রমিক	নগদ জমার ধাপ	চার্জ	ভ্যাট(১৫% হারে)	নগদ উত্তোলনের ধাপ	চার্জ	ভ্যাট(১৫% হারে)
০১.	টাকা ১,০০,০০০/= পর্যন্ত	নাই	নাই	টাকা ৫০,০০০/= পর্যন্ত	২৫/=	৪/=
০২.	টঃ ১,০০,০০১/= হতে ২,০০,০০০/=	৫০/=	৮/=	টঃ ৫০,০০১/=হতে ২,০০,০০০/=	৫০/=	৮/=
০৩.	টঃ ২,০০,০০১/= হতে ৫,০০,০০০/=	১০০/=	১৫/=	টঃ ২,০০,০০১/= হতে ৫,০০,০০০/=	১০০/=	১৫/=
০৪.	টঃ ৫,০০,০০১/= হতে ১০,০০,০০০/=	২০০/=	৩০/=	টঃ ৫,০০,০০১/= হতে ১০,০০,০০০/=	২০০/=	৩০/=
০৫.	টঃ ১০,০০,০০১/= হতে ১৫,০০,০০০/=	৩০০/=	৪৫/=	টঃ ১০,০০,০০১/= হতে ১৫,০০,০০০/=	৩০০/=	৪৫/=
০৬.	টঃ ১৫,০০,০০১/= হতে ২০,০০,০০০/=	৫০০/=	৭৫/=	টঃ ১৫,০০,০০১/= হতে ২০,০০,০০০/=	৫০০/=	৭৫/=
০৭.	টঃ ২০,০০,০০১/= হতে তদূর্ধ্ব	১০০০/=	১৫০/=	টঃ ২০,০০,০০১/= হতে তদূর্ধ্ব	১০০০/=	১৫০/=

\*ঢাকা শহরের বাহিরে বলতে ঢাকা সিটি কর্পোরেশনের আওতা বহির্ভূত এলাকাকে বুঝানো হয়েছে।

খ) বাংলাদেশ কৃষি ব্যাংক (ঢাকা শহরের মধ্যে\*\*):

ক্রমিক	নগদ জমার ধাপ	চার্জ	ভ্যাট(১৫% হারে)	নগদ উত্তোলনের ধাপ	চার্জ	ভ্যাট(১৫% হারে)
০১.	টঃ ৫,০০,০০০/= পর্যন্ত	নাই	নাই	টঃ ২,০০,০০০/= পর্যন্ত	নাই	নাই
০২.	টঃ ৫,০০,০০১/= হতে তদূর্ধ্ব	১০০/=	১৫/=	টঃ ২,০০,০০১/= হতে তদূর্ধ্ব	১০০/=	১৫/=

\*\* ঢাকা শহরের মধ্যে বলতে ঢাকা সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকাকে বুঝানো হয়েছে।


০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে উল্লেখিত চার্জ প্রযোজ্য হবে না।

০৩। জমা ও উত্তোলন উভয় ক্ষেত্রে গ্রাহকের হিসাব হতে প্রযোজ্য হারে চার্জ ও ভ্যাট অটো ভাউচারের মাধ্যমে কর্তন করা হবে বিধায় সংশ্লিষ্ট শাখায় কমিশন, ভ্যাট ও আন্তঃশাখা অনলাইন লেনদেন হিসাব-( ১১১০) খাত সমূহে ভাউচার পোষ্টিং এর প্রয়োজন নেই। উক্ত চার্জসমূহ কমিশন খাত-(৪৬/৫বি-আন্তঃশাখা অনলাইন কমিশন) ও ভ্যাট খাত-(৪১/১০এ)-এ হিসাবভুক্ত হবে।

০৪। উপরোক্ত অনলাইন চার্জ নির্ধারণ করার ফলে Online ব্যাংকিং কার্যক্রমের আওতাভুক্ত শাখাসমূহের মধ্যে আন্তঃ শাখা অনলাইন লেনদেন পরিচালনার (অর্থাৎ অনলাইনের আওতায় এক শাখার গ্রাহক অন্য শাখায় টাকা জমাদান বা উত্তোলন করাকে বুঝাবে) কার্যক্রমও একইসঙ্গে উন্মুক্ত করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত  
  
(গাজী মোঃ ফজলুল কবির)  
উপ-মহাব্যবস্থাপক  
তারিখঃ ০৪-১১-২০১৩ ইং

প্রকা/আইসিটি-৭(৬০)/২০১৩-২০১৪/২৮২(১২০০)

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১,২, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি।
- ০৪। সকল উপ মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, টি আই/সকল বিভাগীয় কার্যালয়, বিকেবি।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা, বিকেবি।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৯। জনাব মামুনুর রশীদ, সিস্টেম এডমিনিষ্ট্রেটর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; ভেতর প্রতিষ্ঠানের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে অনলাইন সিস্টেমে উক্ত চার্জ ও ভ্যাট অন্তর্ভুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফ্লোরা টেলিকম লিঃ, ৩০, জাহেদ প্লাজা (৮ম তলা), গুলশান এভিনিউ-২, ঢাকা; জরুরীভিত্তিতে কোর ব্যাংকিং সল্যুশ্যনে উত্তোলন ও জমা উভয় ক্ষেত্রে উক্ত চার্জ ও ভ্যাট স্বয়ংক্রিয়ভাবে ভাউচারের মাধ্যমে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে (দৃষ্টি আকর্ষণ:- জনাব এস. কে. ভৌমিক, সি.টি.ও, এম. মহসিন খান, প্রকল্প পরিচালক এবং মিজানুল হক, প্রকল্প ব্যবস্থাপক)।
- ১১। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১২। নথি/মহানথি।

  
(মোঃ মহিউদ্দীন দেওয়ান) ২০১৩  
সহকারী-মহাব্যবস্থাপক

